জরুরী
এমওডিসি সদর দপ্তর
রাজেন্দ্রপুর সেনানিবাস
দূরালাপনীঃ সামরিকঃ ৯০৩-২৫২২

চৈত্র ১৪২২

৩৭৪/২/সদর/ মার্চ ২০১৬

<u>সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত</u>

বরাতঃ

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নম্বর ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

১। বরাত পত্রের চাহিদার প্রেক্ষিতে অত্র সদর দপ্তরের বিগত সাত বৎসরের সাফল্য ও অগ্রগতি প্রতিবেদন ক্রোড়পত্র ক এর মাধ্যমে সফ্‌ট এবং হার্ড কপি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, বিগত সাত বৎসরের সাফল্য ও অগ্রগতি প্রতিবেদন অত্র সদর দপ্তরের ওয়েবসাইটে (www.modchq.com) প্রকাশ করা হলো।

২। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

হাবিব মোঃ শফিকুল হাসান
মেজর
অধিনায়ক

ক্রোড়পত্রঃ

ক। সাত বৎসরের সাফল্য ও অগ্রগতিঃ(২০০৯-২০১৫) সফ্‌ট ও হার্ড কপি।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫)
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ক্রোড়পত্র ক
এমওডিসি সদর দপ্তর পত্র নং-৩৭৪/২/সদর/
তারিখ মার্চ ২০১৬

সাত বৎসরের সাফল্য ও অগ্রগতিঃ (২০০৯-২০১৫)

১। **ভূমিকা**। মিনিষ্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারী (এমওডিসি) বাংলাদেশ সেনাবাহিনীর একটি কোর এবং নিয়মিত বাহিনী। এই বাহিনীর উদ্দেশ্য (Mission) হলো, ''প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং আন্তঃবাহিনী সংস্থা সমূহের গুরুত্বপূর্ণ স্থান সমূহের নিরাপত্তা নিশ্চিৎ করা''। এই উদ্দেশ্যকে সামনে রেখে এবং ''নিরাপত্তায় সদা জাগ্রত'' মূলমন্ত্র নিয়ে গত ০২ মার্চ ১৯৭৮ তারিখে মাত্র ৪০০ জনের জনবল নিয়ে এমওডিসি প্রথম যাত্রা শুরু করেছিল। সময়ের বিবর্তনে ১২৮১ জনের বর্তমান জনবল দ্বারা এই বাহিনী পরিচালিত হচ্ছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, আন্তঃবাহিনী সংস্থাসমূহ এবং প্রতিরক্ষা সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা যেমন ডিজিএফআই, ডিজিডিপি, ডিজিএমএস, এড্হক আর্মি এভিয়েশন গ্রুপ, বিওএফ ইত্যাদি গুরুত্বপূর্ণ সংস্থার নিরাপত্তা নিশ্চিৎ করা এমওডিসি (আর্মি) এর প্রধান দায়িত্ব। জরুরী অবস্থায় সশস্ত্র বাহিনীর শক্তি বৃদ্ধি করতেও এ বাহিনী সক্ষম। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রানাধীন এমওডিসি'র সৈনিকগণ সেনা আইনের আওতাধীন এবং সেনাসদস্যদের জন্য প্রযোজ্য ভাতা ও সুবিধাদি এমওডিসি সদস্যদের জন্য সমভাবে প্রযোজ্য।

২। **এমওডিসি'র জন্য নির্মাণ ও পূর্তকর্ম**।

ক। **রেস্ট হাউস নির্মাণ**। এমওডিসি'তে ভর্তিকৃত রিক্রুটদের প্রশিক্ষণ সমাপান্তে শপথ গ্রহণ অনুষ্ঠান ও বিভিন্ন অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দের বিশ্রামের জন্য একটি রেস্ট হাউস নির্মাণ করা হয়েছে।

অতিথিবৃন্দের বিশ্রামের জন্য এমওডিসি সদর দপ্তরে নির্মিত রেস্ট হাউস

খ। **মাল্টিপারপাস শেড নির্মাণ**। এই সংস্থার জেসিও/ওআরদের প্রশিক্ষণসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও দরবার আয়োজন করার জন্য একটি মাল্টিপারপাস শেড নির্মাণ করা হয়েছে।

এমওডিসি সদর দপ্তরে কর্মরত সৈনিকদের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান/দরবার ইত্যাদি পরিচালনার জন্য নির্মিত মাল্টিপারপাস শেড

গ। **গ্যালারী শেড নির্মাণ**। এই সংস্থার রিক্রুটসহ বিভিন্ন পদবীর জেসিও/ওআরদের প্রশিক্ষণ সম্পর্কিত ক্লাস পরিচালনা করার জন্য একটি গ্যালারী শেড নির্মাণ করা হয়েছে এবং তা পরবর্তীতে বর্ধিত করা হয়েছে।

এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস এর রিক্রুট/সৈনিকদের প্রশিক্ষণ ক্লাসসমূহ পরিচালনার জন্য নির্মিত প্রশিক্ষণ গ্যালারী শেড

ঘ। **প্যারেড গ্রাউন্ড**। এমওডিসি সদর দপ্তর সেন্টার এন্ড রেকর্ডসে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের জন্য কোন প্যারেড গ্রাউন্ড না থাকায় একটি পাকা প্যারেড গ্রাউন্ড নির্মাণ করা হয়েছে।

এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস এর রিক্রুট/সৈনিকদের প্রশিক্ষণ পরিচালনার জন্য নির্মিত পাকা প্যারেড গ্রাউন্ড

ঙ। **গভীর নলকুপ স্থাপন**। এমওডিসি সদর দপ্তরে একমাত্র গভীর নলকুপটি নষ্ট হয়ে যাওয়ায় জেসিও/ওআরদের পানি সরবরাহের অসুবিধা লাঘব করার জন্য আরেকটি গভীর নলকুপ স্থাপন করা হয়েছে।

এমওডিসি সদর দপ্তরে পানি সরবরাহের জন্য স্থাপিত গভীর নলকুপ

চ। **<u>প্যারেড গ্রাউন্ডের গেট নির্মাণ</u>**। এই সেন্টারের প্যারেড গ্রাউন্ডে সৌন্দর্য বর্ধনের জন্য প্রবেশমুখে একটি দৃষ্টি নন্দন গেট নির্মাণ করা হয়েছে।

এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস এর পাকা প্যারেড গ্রাউন্ডে প্রবেশের জন্য গেট

ছ। **<u>সদর দপ্তরের প্রধান ফটকের গেট নির্মাণ</u>**। এমওডিসি সদর দপ্তরের প্রবেশ পথে একটি নতুন গেট নির্মাণ করা হয়েছে যা একদিকে যেমন নিরাপত্তা নিশ্চিৎ করছে অন্যদিকে শোভা বর্ধনেও কাজে লাগছে।

এমওডিসি সদর দপ্তরের প্রধান ফটক

জ। **<u>শহীদ স্বরণিকা মনুমেন্ট তৈরী</u>**। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী এমওডিসি'র চারজন বীর শহীদের স্বরণে চারটি রাস্তার নামকরণ করে অত্র সদর দপ্তরের চৌরাস্তায় একটি শহীদ স্বরণিকা মনুমেন্ট তৈরী করা হয়েছে।

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদ চারজন সৈনিকের নামে এমওডিসি চৌরাস্তায় নির্মিত শহীদ স্মরণিকা মনুমেন্ট

ঝ। **<u>আলোক বর্তিকা নির্মাণ</u>**। অত্র সদর দপ্তরে প্রবেশ পথের সন্নিকটে মুক্তিযোদ্ধাদের স্মৃতির স্মরণে নাম ফলকসহ একটি আলোক বর্তিকা তৈরী করা হয়েছে।

মুক্তিযোদ্ধাদের স্মৃতির স্মরণে এমওডিসি সদর দপ্তরে নির্মিত নাম ফলকসহ একটি আলোকবর্তিকা

ঞ। **বাস্কেট বল গ্রাউন্ড নির্মাণ**। জেসিও/ওআরদের শারীরিক ভাবে যোগ্য রাখতে ও খেলাধূলার মাধ্যমে চিত্তবিনোদনের জন্য একটি বাস্কেট বল গ্রাউন্ড নির্মাণ করা হয়েছে।

এমওডিসি সদর দপ্তরে নির্মিত বাস্কেট বল গ্রাউন্ড

ট। **জেনারেটর স্থাপন**। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে দাপ্তরিক কাজ ও পানি সরবরাহ নির্বিঘ্ন রাখতে এবং সদর দপ্তরের নিরাপত্তা নিশ্চিৎ করার জন্য একটি ৫০ কেভি জেনারেটর স্থাপন করা হয়েছে।

৫০ কেভি জেনারেটর ও জেনারেটর রুম

ঠ। **<u>অন্যান্য প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রম</u>**। এমওডিসি'র সৈনিকদের খাকী পোশাকের পরিবর্তে অন্য রং/ডিজাইনের কম্ব্যাট পোশাক সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। নতুন পোশাক পরিধানের ফলে এমওডিসি'র সৈনিকদের যেমন স্মার্ট দেখায় ঠিক তেমনি তাদের মনোবল অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ে এমওডিসি'র সদস্যদের নতুন প্রবর্তিত কম্ব্যাট পোশাক পরিধান উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রতিরক্ষা সচিব কর্তৃক এমওডিসি প্রদত্ত সম্মান গার্ডের সালাম গ্রহণ

ড। **<u>উন্নয়নমূলক কার্যক্রম</u>**। এমওডিসি সদর দপ্তরে রিক্রুটদের প্রশিক্ষণ ছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। গত ২৪ জুন ২০১৩ তারিখ থেকে এমওডিসি সদর দপ্তর সেন্টার এন্ড রেকর্ডস এর রিক্রুট ও প্রশিক্ষণার্থীদের জন্য ৪ জন এনসিও ও ৮০ জন সৈনিকের জন্য আসবাবপত্র, আনুষংগিক কাজ এবং নীচতলায় ষ্টোরের সুবিধাসহ একটি এসএম ব্যারাক নির্মাণকাজ শুরু করা হয়। উক্ত নির্মাণকাজ তিন অর্থ বৎসরে (২০১২-২০১৩,২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫) সম্পন্ন করার জন্য মোট তিন কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়।

নির্মাণাধীন এসএম ব্যারাক

ঢ। **মানবসম্পদ**

(১) **শূন্য পদ পুরণ**

বৎসর	ভর্তিকৃত রিক্রুটের সংখ্যা	মোট
২০০৯	-	৪৬২ জন
২০১০	১৫৫ জন	
২০১১	৬৭ জন	
২০১২	১৭৫ জন	
২০১৩	-	
২০১৪	৬০ জন	
২০১৫	০৫ জন	

(২) **পদোন্নতি প্রদান**

বৎসর	বিভিন্ন পদবীতে পদোন্নতি প্রাপ্তদের সংখ্যা						মোট
	MWO	SWO	WO	Sgt	Cpl	Lcpl	
২০০৯	০১	০৪	০৭	০৯	১০	১৪	৪৫
২০১০	-	-	০১	৩২	৪৮	২০	১০১
২০১১	০১	০২	০১	০৯	১৬	২২	৫১
২০১২	০১	০২	-	-	৪৯	৬১	১১৩
২০১৩	০২	০৩	০৮	১৮	১৯	২১	৭১
২০১৪	-	০১	-	০৫	১১	২০	৩৭
২০১৫	-	-	০৪	০৭	১১	১৭	৩৯
মোট	**০৫**	**১২**	**২১**	**৮০**	**১৬৪**	**১৭৫**	**৪৫৭**